

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
প্রশাসন অধিশাখা-২  
<https://moef.gov.bd/>

নম্বর: ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯.৩

তারিখ: ৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২০ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ইনোভেশন টিম নিম্নরূপ ভাবে পুনর্গঠন করা হলো:

ইনোভেশন টিম

| ক্রম | পদবি  | টিমে অবস্থান              |
|------|---|---------------------------|
| ১    | যুগ্মসচিব (প্রশাসন)                                     | সভাপতি/চিফ ইনোভেশন অফিসার |
| ২    | উপসচিব (পদুনি-১ শাখা)                                   | সদস্য                     |
| ৩    | উপসচিব (জলবায়ু পরিবর্তন-২ শাখা)                        | সদস্য                     |
| ৪    | উপসচিব (প্রশাসন-২)                                      | সদস্য                     |
| ৫    | উপসচিব (বন-১ শাখা)                                      | সদস্য                     |
| ৬    | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন-৩ শাখা) | সদস্য                     |
| ৭    | সহকারী মেনেজার ইঞ্জিনিয়ার (আইসিটি শাখা)                | সদস্য                     |
| ৮    | প্রোগ্রামার (আইসিটি শাখা)                               | সদস্য সচিব/ফোকাল পয়েন্ট  |

কমিটির কার্যপরিধি:

- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিটি কর্মসম্পাদন সূচক বাস্তবায়নে সার্বিক দায়িত্ব পালন করবেন;
- স্ব স্ব কার্যালয়ের সেবাদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
- ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বছরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- প্রতি মাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- মন্ত্রণালয় ও আওতাধীন গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন;
- প্রতি বছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের ইনোভেশন সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ।
- কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- সময় সময় এতদসংক্রান্ত অন্যান্য দায়িত্ব পালন;


চিফ ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:

- এ বিভাগের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- পরিবর্তনের রূপকার হিসেবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার অভ্যাস ও ক্ষেত্র তৈরি করা;
- আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের গতিশীলতা সৃষ্টির মাধ্যমে আওতাধীন দপ্তর-সংস্থার কার্যাবলীতে উদ্ভাবনকে অন্তর্ভুক্ত ও উৎসাহিত করা;

- প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিমের সদস্যদের কর্মক্ষমতা বৃদ্ধি এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- নাগরিক সেবা সহজীকরণ (Service Process Simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
- সকল প্রকার দাপ্তরিক চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;
- স্ব স্ব কার্যালয়ের যাবতীয় তথ্যাবলী সন্নিবেশনপর্বক প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি এবং কার্যালয়ের ওয়েবসাইটে তা নিয়মিত হালনাগাদ নিশ্চিতকরণ এবং অনলাইনে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;
- জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- জাতীয় ই-জিফ (e-GIF: e-Governance Interoperability Framework)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শ মানে আনয়ন (Standardization) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ;

২। গত ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯.৫৬৬ সংখ্যক স্মারকে জারিকৃত আদেশটি এসাথে বাতিল করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



২০-০১-২০২৫

জেসমিন নাহার

উপসচিব

০২-৯৫১০০৬৭৩ (ফোন)

৯৫৪০২১০ (ফ্যাক্স)


admin2@moef.gov.bd

নম্বর: ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯.৩/১ (১১)

তারিখ: ৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২০ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৩। যুগ্মসচিব, প্রশাসন, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৪। উপসচিব, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ -১ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৫। উপসচিব, জলবায়ু পরিবর্তন -২ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৬। উপসচিব, প্রশাসন অধিশাখা-২, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৭। উপসচিব, বন- ১ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৮। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৯। প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ১০। সহকারী সচিব, প্রশাসন শাখা- ৩, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

২০-০১-২০২৫

জেসমিন নাহার

উপসচিব